# ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি এর নির্বাহী পরিষদের সভার কার্যবিবরণী

সভাপতি : **জনাব মংসুইপ্রু চৌধুরী**
সভাপতি, নির্বাহী পরিষদ, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।

সভার তারিখ ও সময় : তারিখ: ০২ /০৩/২০২৩খ্রি:

সভার স্থান : প্রধান নির্বাহী কর্মকর্তা কক্ষ, জেলা পরিষদ, খাগাড়ছড়ি।

সভার উপস্থিতি : সংযুক্ত তালিকা-"ক"

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত উপ পরিচালক এবং সভার সদস্য সচিব জনাব জিতেন চাকমাকে অনুরোধ জানান। জনাব জিতেন চাকমা সবাইকে শুভেচ্ছা জানিয়ে আজকের সভার পেক্ষাপট বর্ণনা করে বলেন, বিগত ৮ই ফ্রেব্রুয়ারী ২০২৩খ্রিঃ তারিখে নতুন নির্বাহী পরিষদের গেজেট প্রকাশিত হয়। এটি হচ্ছে নতুন নির্বাহী পরিষদের প্রথম সভা। আজকে সভায় যারা যোগদান করেছেন তারা বেশীরভাগই নতুন সেজন্য তিনি ক্ষুদ্র নৃগোষ্ঠীর আইন-২০১০ সম্পর্কে সংক্ষিপ্ত ব্রিফিং করেন। তিনি বলেন এই আইনের ক্ষমতা বলে সরকার বাংলাদেশে বসাবাসরত ৫০টি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংস্কৃতি রক্ষাতে সাংবিধানিক দ্বায়িত্ব পালন করে যাচ্ছেন। তিনি আরও বলেন আইনে নির্বাহী পরিষদের দ্বায়িত্ব, পরিচালকের কার্যাবলী, ইনস্টিটিউটের কার্যাবলী বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। তাই সেই আলোকে আজকের সভায় সুস্পষ্ট মতামত প্রদানের মাধ্যমে কার্যক্রম পরিচালনার জন্য সকল সম্মানিত সদস্যদের অনুরোধ করেন।

অত:পর আজকের আলোচ্য সূচী অনুসারে উপস্থিত সকল সদস্যর আলোচনা ভিত্তিতে গৃহীত সিদ্ধান্ত নিম্নরুপ:-

| নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | প্রবিধানমালা অনুসারে নিয়োগ, পদোন্নতি, সিলেকশানগ্রেড/ উচ্চতর স্কেল এর জন্য কমিটি গঠন। | ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত উপ পরিচালক জানান বিগত ২০২১ খ্রিঃ ইনস্টিটিউটের প্রবিধানমালার গেজেট প্রকাশিত হয়েছে। করোনা মহামারীসহ নানা কারনে এখনও পর্যন্ত কর্মকর্তা কর্মচারীদের পদোন্নতি, সিলেকশান গ্রেড/টাইমস্কেল দেওয়া সম্ভব হয়নি। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন-২০১০ এর ১২ ধারা এবং প্রবিধানমালা ৫ নং ধারা অনুসারে নির্বাহী পরিষদ কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে নিয়োগ, পদোন্নতির উল্লেখ থাকায় প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের জন্য একটি, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মকর্তাদের জন্য একটি এবং টাইমস্কেল সিলেকশান গ্রেড | বাস্তবায়নে: জিতেন চাকমা উপ পরিচালক ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট। |

| | | | |
|---|---|---|---|
| | | প্রদানের জন্য একটি করে তিনটি বাছাই কমিটি গঠনের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। আলোচনায় অংশ নিয়ে মন্ত্রণালয়ের প্রতিনিধি সিনিয়র সহকারী সচিব জনাব নাজমা বেগম বলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র অনুসারে কমিটি গঠনের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। অপরদিকে সভার সভাপতি পার্বত্য চট্টগ্রামের প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে বলেন সরকার ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন-২০১০ এবং প্রবিধানমালায় যে ধরনের বিধান দিয়েছে সেই বিধান অনুযায়ী কমিটি গঠনের প্রস্তাব করেন। এ বিষয়ে আলোচনায় অংশগ্রহন করে পরিষদের সম্মানিত সদস্য এবং সংস্কৃতি, সমবায় ও প্রাথমিক শিক্ষা বিষয়ক আহবায়ক জনাব নীলোৎপল খীসা বলেন, আইন ও প্রবিধানমালা অনুসারে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অন্যতম একটি সংস্থা বাংলা একাডেমির সাথে সামঞ্জস্য রেখে সংস্কৃতি, জনপ্রশাসন, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি অর্ন্তভূক্ত করে নিম্নে বর্ণিত ৭ সদস্য বিশিষ্ট ৩টি পৃথক কমিটি গঠন করা যেতে পারে।<br><br>**<u>সিদ্ধান্ত:</u>**<br>উপস্থিত সকল সদস্যর সম্মতিতে নিম্নে বর্ণিত তিনটি বাছাই কিমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**(ক) প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পদে নিয়োগ ও পদোন্নতির জন্য বাচাই কমিটি**<br>(১) জনাব মংসুইপ্রু চৌধুরী, সভাপতি, নির্বাহী পরিষদ, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।(সভাপতি)<br>(২) প্রতিনিধি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়(সদস্য)<br>(৩) প্রতিনিধি জনপ্রশাসন মন্ত্রণালয়(সদস্য)<br>(৪) প্রতিনিধি অর্থ মন্ত্রণালয়(সদস্য)<br>(৫) জনাব নীলোৎপল খীসা, সদস্য নির্বাহী পরিষদ, ক্ষ্নৃসাই, খাগড়াছড়ি, আহবায়ক সংস্কৃতি বিভাগ, জেলা পরিষদ, খাগড়াছড়ি(সদস্য)<br>(৬) জনাব এ্যাড: অংসুইথুই মারমা, সদস্য নির্বাহী পরিষদ, ক্ষ্নৃসাই, খাগড়াছড়ি (সদস্য)<br>(৭) উপ পরিচালক, ক্ষ্নৃসাই, খাগড়াছড়ি। (সদস্য সচিব)<br><br>**(খ) তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদে নিয়োগ ও পদোন্নতির জন্য বাছাই কমিটি**<br>(১) জনাব মংসুইপ্রু চৌধুরী, সভাপতি, নির্বাহী পরিষদ, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।(সভাপতি)<br>(২) প্রতিনিধি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়(সদস্য)<br>(৩) প্রতিনিধি জনপ্রশাসন মন্ত্রণালয়(সদস্য)<br>(৪) প্রতিনিধি অর্থ মন্ত্রণালয়(সদস্য) | |

| | | | |
|---|---|---|---|
| | | (৫) জনাব শানে আলম, সদস্য নির্বাহী পরিষদ, ক্ষুনৃসাই, খাগড়াছড়ি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর উপজেলা।<br>(৬) জনাব চামেলী ত্রিপুরা, সদস্য নির্বাহী পরিষদ, ক্ষৃনৃসাই, খাগড়াছড়ি।(সদস্য)<br>(৭) উপ পরিচালক, ক্ষৃনৃসাই, খাগড়াছড়ি। (সদস্য সচিব)<br><br>**(গ) কর্মকর্তা কর্মচারীর সিলেকশানগ্রেড/টাইমস্কেল এর জন্য বাছাই কমিটি**<br>(১) জনাব মংসুইপ্রু চৌধুরী, সভাপতি, নির্বাহী পরিষদ, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।(সভাপতি)<br>(২) প্রতিনিধি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়(সদস্য)<br>(৩) প্রতিনিধি জনপ্রশাসন মন্ত্রণালয়(সদস্য)<br>(৪) প্রতিনিধি অর্থ মন্ত্রণালয়(সদস্য)<br>(৫) জনাব আর্যমিত্র চাকমা, সদস্য নির্বাহী পরিষদ, ক্ষৃনৃসাই, খাগড়াছড়ি। (সদস্য)<br>(৬) জনাব বাশঁরী মারমা, সদস্য নির্বাহী পরিষদ, ক্ষৃনৃসাই, খাগড়াছড়ি।(সদস্য)<br>(৭) উপ পরিচালক, ক্ষৃনৃসাই, খাগড়াছড়ি। (সদস্য সচিব) | |
| ২ | ইনস্টিটিউটের অবকাঠামো উন্নয়ন প্রকল্প বিষয়ে আলোচনা | এ বিষয়ে আলোচনার সূচনা করে ইনস্টিটিউটের উপ পরিচালক জনাব জিতেন চাকমা বলেন ইনস্টিটিউটের বর্তমান অবকাঠামোর মধ্যে প্রশিক্ষণ রুম, অফিস কক্ষ, ডরমেটরি না থাকায় ২০১৬-১৭খ্রি: হতে ২০২১৭-১৮ অর্থবছরে অবকাঠামো উন্নয়ন প্রকল্প নামে একটি প্রকল্প গ্রহন করা হয়। প্রকল্পটির ঠিকাদার সম্পুর্নকাজ না করে চলে যাওয়ার কারনে মন্ত্রণালয় প্রকল্পটির কাজ অসমাপ্ত রেখে সমাপ্ত ঘোষণা করে দেন। ইতিমধ্যে মন্ত্রণালয় আগামী ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব বাজেটে অসমাপ্ত কাজ শেষ করার জন্য বিগত ১৩ই ফেব্রুয়ারী ২৩ খ্রিঃ নুন্যতম ১.৫০ লক্ষ টাকা বরাদ্ধ প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ করেন। তার প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয় থেকে আগামী অর্থবছরে রাজস্ব বাজেটে ১.৫ কোটি টাকা বরাদ্ধের নিশ্চয়তা পাওয়া গেছে। তাই অসমাপ্ত কাজ শেষ করার জন্য গণপূর্ত বিভাগ খাগাড়ছড়িকে অতিদ্রুত অসমাপ্ত কাজ শেষ করার প্রক্রিয়া শুরুর জন্য অনুমতি দেওয়া যেতে পারে।<br><br>**<u>সিদ্ধান্ত:</u>**<br>(১) আগামী ডিসেম্বর মাসের মধ্যে অসমাপ্ত কাজ শেষ করার লক্ষে গণপূর্ত খাগড়াছড়িকে পরবর্তী পদক্ষেপ গ্রহনের অনুমতি প্রদান করা যেতে পারে। | বাস্তবায়নে: জিতেন চাকমা উপ পরিচালক ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট। |
| ৩ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের | এ বিষয়ে আলোচনার সূচনা করে ইনস্টিটিউটের উপ পরিচালক জনাব জিতেন চাকমা বলেন ইনস্টিটিউট একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসাবে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন-২০১০ অনুসারে | বাস্তবায়নে: জিতেন চাকমা উপ পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা পর্যায়ে শাখা স্থাপন ও জনবল বৃদ্ধি প্রসংগে। | সরকারের পুর্বানুমোদনক্রমে বাংলাদেশের যেকোন স্থানে শাখা স্থাপন করা যায়। সেজন্য জেলার সাংস্কৃতিক কর্মকান্ড বৃদ্ধির জন্য উপজেলা পর্যায়ে শাখা স্থাপন করা যেতে পারে। এই অর্থবছর হতে পানছড়ি, দিঘীনালা, মহালছড়ি উপজেলায় শাখা খোলার জন্য প্রস্তাব করেন।<br><br>**সিদ্ধান্ত:**<br>(১) এই অর্থবছর হতে পানছড়ি, দিঘীনালা, মহালছড়ি উপজেলায় শাখা খোলার সিদ্ধান্ত গৃহীত হয়। এবিষয়ে উপ পরিচালক উপজেলার শাখা স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন। | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট। |
| ৪ | **বিবিধ আলোচনা** | | |
| ৪(ক) | কর্মকর্তা কর্মচারীদের অবসর সংক্রান্ত | এ বিষয়ে আলোচনার সূচনা করে ইনস্টিটিউটের উপ পরিচালক জনাব জিতেন চাকমা বলেন বিগত ০৬-০৯-২০২১ খ্রিঃ ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রবিধানমালা গেজেট প্রকাশিত হয়েছে। উক্ত প্রবিধানমালার ধারা-৫৯ ধারা-৬০ ধারা-৬১ অনুসারে ইনস্টিটিউট এর কর্মকর্তা কর্মচারীরা ইতিমধ্যে সরকারী কর্মচারীদের ন্যায় ভবিষ্য তহবিল, অবসর ভাতা পরিকল্পে থাকার ইচ্ছা পোষন করে আবেদন দিয়েছেন। এ বিষয়ে নির্বাহী পরিষদের সিদ্ধান্তের জন্য প্রস্তাব উপস্থাপন করেন।<br><br>**সিদ্ধান্ত:**<br>(১) প্রবিধানমালা অনুসারে সরকারী কর্মকর্তা কর্মচারীরা যেভাবে এবং যে হারে অবসর ভাতা, ভবিষ্য তহবিল গ্রহন করেন অনুরুপভাবে ইনস্টিটিউট এর কর্মচারীরা ন্যায় অবসরভাতা এবং ভবিষ্য তহবিল পরিচালনার অনুমোদন দেওয়া হলো। এবিষয়ে প্রয়োজনে স্থানীয় আয়বৃদ্ধিপূর্বক এ ব্যয় করা যেতে পারে। | বাস্তবায়নে: জিতেন চাকমা উপ পরিচালকক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট। |
| ৪(খ) | অর্গানোগ্রাম সংশোধন | ইনস্টিটিউটের উপ পরিচালক জনাব জিতেন চাকমা আলোচনায় অংশগ্রহন করে বলেন বর্তমানে ইনস্টিটিউটে মোট ১২টি পদ নিয়ে অর্গানোগ্রাম রয়েছে। তার মধ্যে ৫টি পদ খালি আছে। ইতিমধ্যে একটি জাদুঘর ভবন এবং চারতলা বিশিষ্ট অফিস কাম রেসিডেন্সিয়াল ভবন নির্মান শেষ পর্যায়ে রয়েছে। সেই কারনে বর্তমান জনবল কাঠামো সংশোধন করে মোট ৪২ জন জনবল বিশিষ্ট সাংগঠনিক কাঠামো খসড়া অনুমোদনের জন্য উপস্থাপন করেন। **(সংযুক্ত-ক)**<br><br>**সিদ্ধান্ত:** | বাস্তবায়নে: জিতেন চাকমা উপ পরিচালক ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট। |

| | | | |
|---|---|---|---|
| | | (১) ইনস্টিটিউটের জন্য প্রস্তাবিত ৪২ সদস্য বিশিষ্ট নতুন জনবল কাঠামো নতিগত অনুমোদন দেওয়া হলো। উপ পরিচালক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে বর্তমান অর্গানোগ্রামকে সংশোধনের প্রস্তাব প্রেরণ করবেন। জনপ্রশাসন এবং অর্থমন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে প্রস্তাবিত অর্গানোগ্রামের যোক্তিকতা তুলে ধরে পাস করা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেবন। | |
| ৪(গ) | ২০২২-২৩খ্রিঃ অর্থবছরের বাজেট বিষয়ে আলোচনা | ইনস্টিটিউটের উপ পরিচালক জনাব জিতেন চাকমা আলোচনায় অংশগ্রহন করে বলেন দীর্ঘদিন নির্বাহ পরিষদ গঠন না হওয়ায় এই অর্থবছরের বাজেট নিয়ে কমিটিতে আলোচনা করা যায়নি। তিনি বলেন সরকারের ২০২২-২৩খ্রিঃ অর্থবছরের জন্য ২.৪ কোটি টাকা বরাদ্ধ দিয়েছে। ইতিমধ্যে সেই বাজেট হতে ৫৫ হাজার টাকা বরাদ্ধ কমিয়ে ২.৩৪৫ লক্ষ টাকার সংশোধিত বাজেট অনুমোদন করেছে। তাই ইনস্টিটিউটের এই অর্থবছরের সংশোধিত বাজেট অনুমোদনের জন্য প্রস্তাব করেন।<br><br>**সিদ্ধান্ত:**<br>সর্বসম্মতিক্রমে ২০২২-২৩খ্রি: অর্থবছরের জন্য দুই কোটি তিন লক্ষ পয়তাল্লিশ হাজার টাকার সংশোধিত বাজেট অনুমোদন করা হয়। | বাস্তবায়নে: জিতেন চাকমা উপ পরিচালক ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট। |
| ৪(ঘ) | ২০২২-২৩খ্রিঃ অর্থবছরের এপিএ বিষয়ে আলোচনা | আলোচনায় অংশ নিয়ে মন্ত্রণালয়ের প্রতিনিধি সিনিয়র সহকারী সচিব জনাব নাজমা বেগম বলেন প্রতিষ্ঠানের এই অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা অনুসারে সমাপ্ত করার জন্য কি করা হয়েছে জানতে চেয়েছেন। উপ পরিচালক সভাকে জানান সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে ৭টি ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতিষ্ঠানকে তাদের নির্ধারিত এপিএ অতিরিক্ত আরও ৭টি অনুষ্ঠান আয়োজনের জন্য মন্ত্রণালয়ের এপিএতে অন্তর্ভুক্ত করা হয়েছে। ইতিমধ্যে পাঁচটি অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। অরপদিকে ইনস্টিটিউটের বার্ষিক লক্ষ্যমাত্রার ৮০% বাস্তবায়ন হয়েছে মে মাসের মধ্যে সকল কাজ সম্পন্ন করা সম্ভব হবে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>**সিদ্ধান্ত:**<br>নির্ধারিত সময়ে এপিএ কাজ সমাপ্ত করা এবং প্রতি ২ মাস অন্তর নির্বাহী কমিটির সভা আহবান করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়নে: জিতেন চাকমা উপ পরিচালক ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট। |

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ফোন-০২৩৩৩৩৪৩১৪৯
www.knsikhagrachari.portal.gov.bd

সভায় আর কোন আলোচনা না থাকায়, সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সকলের আন্তরিক সহযোগীতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মংসুইপ্রু চৌধুরী)
সভাপতি
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
নির্বাহী পরিষদ
ও
চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

স্মারক নং: ৪৩.৩৪.৪৬০০.০০১.০১.০১৫.২০২০/১৭৪ তারিখ:০২ /০৪/২০২৩খ্রি:

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।**

১. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
৪. জনাব, শানে আলম, সদস্য নির্বাহী পরিষদ, ক্ষুনৃসাই, ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, সদর উপজেলা খাগড়াছড়ি।
৫. জনাব নীলোৎপল খীসা, আহবায়ক (সংস্কৃতি, সমবায় ও প্রাথমিক শিক্ষা) পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি ও সদস্য নির্বাহী পরিষদ, ক্ষুনৃসাই, খাগড়াছড়ি।
৬. জনাব এ্যাড. অংসুইথুই মারমা, সদস্য নির্বাহী পরিষদ, ক্ষুনৃসাই, খাগড়াছড়ি।
৭. জনাব চামেলী ত্রিপুরা, সদস্য নির্বাহী পরিষদ, ক্ষুনৃসাই, খাগড়াছড়ি।
৮. জনাব আর্যমিত্র চাকমা, সদস্য নির্বাহী পরিষদ, ক্ষুনৃসাই, খাগড়াছড়ি।
৯.জনাব বাঁশরী মারমা, সদস্য নির্বাহী পরিষদ, ক্ষুনৃসাই, খাগড়াছড়ি।
১০. অফিস নথি

৩.৪.২৩
(জিতেন চাকমা)
উপ পরিচালক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি।